দৈনিক বাংলা

তারিখ ... ৩/৭/৭৫ ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ... ...



# জাতীয় মহিলা আইনজীবী সমিতি গঠিত

(স্টাফ রিপোর্টার)

গতকাল ঢাকা বারলাইব্রেরী হলে অনুষ্ঠিত এক সভায় দেশের মহিলা আইনজীবীদের উন্নতিকল্পে বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি নামে একটি সংস্থা গঠিত হয়েছে। সভায় সভানেতৃত্ব করেন এডভোকেট কামরুন্নাহার লাইলী।

নবগঠিত এই সমিতির সভানেত্রী নির্বাচিত হয়েছেন ব্যারিস্টার রাবেয়া ভূইয়া এবং সাধারণ সম্পাদিকা নির্বাচিত হয়েছেন এডভোকেট পারভীন ওয়াজেদ। সমিতির তিনজন সহ-সভানেত্রী নির্বাচিত হয়েছেন। তাঁরা হচ্ছেন: এডভোকেট কামরুন্নাহার লাইলী, এডভোকেট গুলেফাম শাহানা বানু ও এডভোকেট জেবুন্নেসা রহমান। এছাড়া কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন এডভোকেট আয়েশা খাতুন।

খবর সংবাদ বিজ্ঞপ্তির।